

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
পরিদর্শন প্রতিবেদন

- ০১। পরিদর্শনকৃত প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা : বক্তাবলী ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, সদর, নারায়ণগঞ্জ।
- ০২। পরিদর্শনের তারিখ ও সময় : ২৪/০৮/২০২৩ খ্রি.
- ০৩। পূর্ববর্তী সর্বশেষ পরিদর্শন প্রতিবেদন আলোকে গৃহীত কার্যক্রম : পূর্বে কেন্দ্রটি পরিদর্শন করা হয়নি
- ০৪। প্রতিষ্ঠানে কর্মরত জনবলের সার্বিক অবস্থা : উপসহকারী কমিউনিটি মেডিকেল অফিসার ০১ জন, পরিবার কল্যাণ পরিদর্শিকা ০১ জন, আয়া ও অফিস সহায়ক এর পদটি শূণ্য আছে।
- ০৫। পরিদর্শনের দিন কর্মচারীদের উপস্থিতি/অনুপস্থিতি : কর্মরত সকলে উপস্থিত ছিলেন।
- ০৬। পরিদর্শনকালে কোন Stakeholder যদি মতামত/পরামর্শ প্রদান করে থাকে তার সংক্ষিপ্ত বিবরণ : কেন্দ্রে আগত সেবাপ্রার্থীদের সাথে কথা বলি। তাদের মধ্যে ২ জন শিশু জ্বর ও ঠাণ্ডাজনিত সমস্যা নিয়ে এসেছেন। তারা আগেও সেবা নিয়েছেন এবং তারা সেবার বিষয়ে সন্তোষ প্রকাশ করেন। গর্ভবতী মা ও শিশু স্বাস্থ্য সেবা নিতে আসা রোগীদের সাথে কথা বলে তাদের সেবাপ্রাপ্তির বিষয়ে সন্তোষজনক মনোভাব জানতে পারি। তবে ঔষধ সরবরাহ আরো বৃদ্ধি করা হলে সাধারণ মানুষের আরো বেশি উপকারে আসবে বলে তারা জানান।
- ০৭। আর্থিক অনিয়ম পরিলক্ষিত হলে তার বিবরণ (প্রয়োজ্য ক্ষেত্রে) :
- ০৮। প্রতিষ্ঠানের সার্বিক পরিবেশ ও পরিচ্ছন্নতা : কেন্দ্রটিতে আয়া এবং অফিস সহায়ক না থাকায় পরিষ্কার পরিচ্ছন্নতা সন্তোষজনক নয়।
- ০৯। প্রতিষ্ঠানের ভৌত অবকাঠামোর বাস্তব অবস্থা : কেন্দ্রটি একতলা বিশিষ্ট। কিছুদিন আগে মেরামত কাজ সম্পন্ন হয়েছে তবে কেন্দ্র সংলগ্ন আবাসিক ভবনে মেরামত কাজ করা হয়নি। আবাসিক ভবনে মেরামত প্রয়োজন।
- ১০। প্রতিষ্ঠানের ব্যবহৃত আসবাবপত্রের বাস্তব অবস্থা : কেন্দ্রে আসবাবপত্র অধিকাংশ ভাঙ্গা। আসবাবপত্র সরবরাহ করা প্রয়োজন।
- ১১। কোন সমস্যা/চাহিদা : কেন্দ্রটিতে আরো জনবল প্রয়োজন। কেন্দ্রে ঔষধপত্রের চাহিদা ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে। পর্যাপ্ত পরিমাণ ঔষধ সরবরাহ প্রয়োজন।
- ১২। সার্বিক অবস্থার উপর সুনির্দিষ্ট মন্তব্য/সুপারিশ (নির্দিষ্ট সময় উল্লেখ পূর্বক পরামর্শ/সুপারিশ) : কেন্দ্রটির পরিবেশ সুন্দর, সেবা গ্রহীতার আগমন সন্তোষজনক তবে স্বাভাবিক প্রসব এবং আইইউডি সম্পাদনের অগ্রগতি হতাশাব্যাঞ্জক। এ বিষয়ে সংশ্লিষ্টদের আরো যত্নবান হওয়ার জন্য বলা হলো।

(নেওয়াজ হোসেন চৌধুরী)

যুগ্মসচিব

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।